

চবিতে ছাত্রলীগের সংঘর্ষ, প্রক্টর বললেন—‘আমরা সতর্ক আছি’

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা

ছাত্রলীগের বগিভিত্তিক উপগ্রহণ

সিএফসি এবং সিঙ্গুটি নাইনের

মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার (২১ সেপ্টেম্বর)

বিকেল সাড়ে ৪টার দিকে শাহ

আমানত ও শাহ জালাল হলের

সামনে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

এতে উভয় পক্ষের ধাওয়া-

পাল্টাধাওয়া ও পাল্টাপাল্টি

ইটপাটকেল নিক্ষেপে চার

ছাত্রলীগ কর্মী আহত হওয়ার খবর

পাওয়া গেছে। এ সময় সিঙ্ক্রাটি
 নাইনের কর্মীরা শাহজালাল হল ও
 সিএফসির কর্মীরা শাহ আমানত
 হলে অবস্থান নিয়ে ইটপাটকেল
 নিষ্কেপ করেন।

জানা যায়, পূর্বশত্রুতার জের ধরে
 সিঙ্ক্রাটি নাইন ও চুজ ফ্রেন্ডস উইথ
 কেয়ারের (সিএফসি)
 মধ্যে এই সংঘর্ষের ঘটনা ঘটেছে।
 এদের মধ্যে সিএফসি শিক্ষা
 উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর ও
 সিঙ্ক্রাটি নাইন চট্টগ্রাম সিটির
 সাবেক মেয়র আ জ ম নাছির
 উদ্দীনের অনুসারী হিসেবে
 ক্যাম্পাসে পরিচিত।

সংঘর্ষের বিষয়ে সিএফসির নেতা
 সাদাফ খান বলেন, ‘আকিব
 জাবেদ নামে সিঙ্ক্রাটি নাইনের এক
 কর্মী এর আগেও আমাদের
 উপদণ্ডের সম্পাদক রময়ানকে
 কৃপিয়ে জখম করে। আজকেও সে
 নেশা করে হলের সামনে উচ্ছৃঙ্খল
 আচরণ শুরু করে।

বিষয়টি দেখে আমাদের কর্মীরা

বাধা দিলে সংঘর্ষ শুরু হয়।’

অন্যদিকে সিঙ্গাটি নাইনের নেতা

ইকবাল হোসেন টিপু বলেন,

‘শুনেছি র্যাগ ডে নিয়ে জুনিয়র

কর্মীদের মধ্যে ঝামেলা হয়েছে।

বিষয়টি দেখছি।’

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর নূরুল

আজিম সিকদার বলেন,

‘ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে

উত্তেজনা সৃষ্টি হয়েছে।

সমাধানের চেষ্টা চলছে। আমরা

সতর্ক আছি।’